দৈনিক সংবাদ

MAR. 24 2002

১২

# না'গঞ্জে ছাত্রদল নেতার বাসায় যুবদল ক্যাডারদের হামলা
## ৩ জন গুলিবিদ্ধসহ আহত ৯

**নারায়ণগঞ্জ প্রতিনিধি ঃ** যুবদলের ক্যাডাররা ছাত্রদলের দুই নেতার বাড়িতে হামলা চালিয়ে তিনজনকে গুলিবিদ্ধসহ নয়জনকে আহত করেছে। শনিবার রাতে বন্দর থানার রাজবাড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ ও গ্রামবাসী জানায়, কোরবানির গরুর হাটের টাকার ভাগাভাগি ও এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে যুবদল নেতা হানিফের নেতৃত্বে একদল সন্ত্রাসী ছাত্রদল নেতা আশ্রাফুল হক আশা ও জাকিরুল ইসলাম রতনের বাড়িতে হামলা চালায়। এসময় তারা বেশকয়েক রাউন্ড গুলিবর্ষণ করে ও ব্যাপক ভাঙচুর চালায়। ফলে নয়জন আহত হয়। গুলিবিদ্ধরা হচ্ছে আশার মা রাশিদা আক্তার (৪৫), বোন মাহবুবা আক্তার রুমি (২৭) ও লিয়ন (৩৫)।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেলেও রাত সাড়ে ৮টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত কোন মামলা হয়নি। কেউ গ্রেফতার হয়নি।